

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৬৫০

আগরতলা, ২৯ অক্টোবর, ২০২৪

প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ

গত ২৭ অক্টোবর, ২০২৪ দৈনিক সংবাদ পত্রিকায় ‘চম্পকনগর প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে চিকিৎসা পরিষেবার ঘাটতি, ক্ষোভ’ এই শিরোনামে প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। দপ্তরের পক্ষ থেকে প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ দিয়ে জানানো হয়েছে, প্রকাশিত সংবাদ সঠিক নয়। প্রকৃত তথ্য হল, এই হাসপাতালে ডেন্টাল সার্জন ও আয়ুর্ষ সহ মোট ৪ জন মেডিক্যাল অফিসার রয়েছেন। পাশাপাশি হাসপাতালের ভারপ্রাপ্ত চিকিৎসক তার সন্তানের শারীরিক অসুস্থতার দরুণ ছুটিতে থাকায় একজন মেডিক্যাল অফিসারকে ডেপুটেশনে এই হাসপাতালে পাঠানো হয়। অ্যাম্বুলেন্স চালক নিয়মিতভাবে এই হাসপাতালে ইমার্জেন্সি পরিষেবা দিচ্ছেন। সকাল ৯টা থেকে বিকাল ৪.৩০ পর্যন্ত বহির্বিভাগে রোগীদের ওষুধ তালিকার প্রয়োজনীয় ওষুধের মজুত অনুসারে বিনামূল্যে প্রদান করা হচ্ছে। হাসপাতালের দেওয়ালে একটি সরু ফাটল রয়েছে, যা বিপজ্জনক নয়।
